ভাটারায় বিস্তৃত মাদক চক্র, ঝুঁকিতে তরুণ প্রজন্ম



ছবি: সংগৃহীত

রাজধানীর ভাটারা এলাকায় একাধিক স্থানে প্রকাশ্যে মাদক বেচাকেনার অভিযোগ উঠেছে। স্থানীয়দের দাবি, ফাঁসেরটেকের বালুর মাঠে দিনের আলোতেই গাঁজা ও ইয়াবার লেনদেন চলছে।

একইভাবে নুরেরচালা ভোটঘাট এলাকাতেও প্রকাশ্যে বাংলা মদ ও গাঁজার ব্যবসা চালু রয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। নয়ানগর ও খন্দকার বাড়ি এলাকায় কিশোরদের ব্যবহার করে ইয়াবা বিক্রির ঘটনাও স্থানীয়দের উদ্বিগ্ন করে তুলেছে।

এদিকে বারিধারা এলাকার একটি স্বনামধন্য শিক্ষাপ্রতিষ্ঠান সাউথ পয়েন্ট স্কুলের সামনেও মদ ও অনৈতিক কর্মকাণ্ডের বিস্তার নিয়ে ক্ষোভ রয়েছে অভিভাবকদের মধ্যে।

স্থানীয়রা অভিযোগ করেন, কিছু প্রভাবশালী রাজনৈতিক ব্যক্তিত্ব ও অসাধু প্রশাসনিক সদস্যদের ছত্রছায়ায় এসব অবৈধ কার্যক্রম চলছে। ফলে পরিস্থিতি দিন দিন আরও নিয়ন্ত্রণের বাইরে চলে যাচ্ছে।

এভাবে চলতে থাকলে এলাকার তরুণ সমাজ মারাত্মক ঝুঁকির মুখে পড়বে বলে আশঙ্কা করছেন সচেতন মহল। দ্রুত কার্যকর পদক্ষেপ নেওয়ার দাবি জানিয়েছেন তারা।